

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 26.11.2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর -

১/ যথাযোগ্য মর্যাদায় আজ সংবিধান দিবস উদযাপিত হচ্ছে।

প্রধানমন্ত্রী বলেছেন, দেশের প্রতিটি নাগরিকের আশা আকাঙ্ক্ষা পূরণে সংবিধান তার সফল ভূমিকা পালন করেছে এবং জনগণকে পথের দিশা দেখিয়ে চলেছে।

২/ সংবিধান দিবস উপলক্ষে আজ রাজ্য বিধানসভায় একটি প্রস্তাবের ওপর আলোচনার সূচনা হয়েছে। # প্রস্তাবের বিরোধিতা করেছে বিজেপি।

৩/ পশ্চিমবঙ্গের একটি সহ চার রাজ্যের ছ'টি রাজ্যসভার আসনের জন্য উপনির্বাচনের দিনক্ষণ ঘোষণা করেছে নির্বাচন কমিশন।

৪/ রাজ্যের প্রতিটি বাড়িতে পরিশ্রুত পানীয় জল পৌঁছে দেওয়ার কাজ আগামী বছর এপ্রিলের মধ্যে শেষ করার জন্য মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন।

৫/ গোয়ায় আয়োজিত IFFI-তে আগামীকাল 'শতবর্ষে পরিচালক তপন সিন্হা'র ওপর 'মাস্টার ক্লাস'-এ আলোচনা হতে চলেছে।

যথাযোগ্য মর্যাদায় আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে ‘সংবিধান দিবস’ উদযাপিত হচ্ছে। ভারতের সংবিধান গৃহীত হওয়ার ৭৫-তম বছর উপলক্ষে আজ থেকে শুরু হয়েছে বর্ষব্যাপী উদযাপন। চলবে ২০২৫-এর ২৬-শে নভেম্বর পর্যন্ত। ১৯৪৯ সালের আজকের দিনে ভারতের গণ পরিষদে সংবিধান গৃহীত হয়েছিল। যা কার্যকর হয় ১৯৫০-এর ২৬-শে জানুয়ারী।

দেশের সংবিধানের অন্যতম রূপকার এবং সংবিধান প্রণেতা কমিটির চেয়ারম্যান ডক্টর B R আম্বেদকরকে শ্রদ্ধা জানাতে, ২০১৫ সালে NDA সরকার প্রথম সংবিধান দিবস পালন করে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশের প্রতিটি নাগরিকের আশা আকাঙ্ক্ষা পূরণে সংবিধান তার সফল ভূমিকা পালন করেছে এবং জনগণকে পথের দিশা দেখিয়ে চলেছে। সংবিধান দিবস উপলক্ষ্যে সুপ্রিম কোর্টে আয়োজিত এক অনুষ্ঠানে শ্রী মোদী বলেন, গত ৭৫ বছর ধরে দেশ যে চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছে, তার সমাধানে সঠিক পথ দেখিয়েছে সংবিধান। বিকশিত ভারত গড়ে তোলা প্রতিটি দেশবাসীর স্বপ্ন হয়ে উঠেছে বলে তিনি উল্লেখ করেন।

(বাইট- প্রধানমন্ত্রী ৭-৫০)

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ভারতীয় সংবিধানকে এমন এক প্রগতিশীল ও জীবন্ত দলিল হিসাবে উল্লেখ করেছেন, যার মাধ্যমে দেশ সামাজিক ন্যায় ও সুসংহত বিকাশের লক্ষ্য অর্জন করতে সক্ষম হয়েছে। তিনি আজ সংবিধান দিবস উপলক্ষে নতুন দিল্লীর সংবিধান সদনের সেন্ট্রাল হলে এক বর্ণাঢ্য অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন। লোকসভা ও রাজ্য বিধানসভাগুলিতে মহিলাদের সংরক্ষণ সংক্রান্ত নারী শক্তি বন্দন অধিনিয়ম গৃহীত হওয়ার প্রসঙ্গ উত্থাপন করে রাষ্ট্রপতি বলেন, এর ফলে নারী ক্ষমতায়নে এক নতুন অধ্যায়ের সূচনা হয়েছে। এই প্রসঙ্গে তিনি নতুন ফৌজদারি আইনেরও ভূয়সী প্রশংসা করেন।

(বাইট- রাষ্ট্রপতি/ ক্রিমিনাল ল)

ভারতীয় সংবিধানের ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে রাজ্য বিধানসভার আজ একটি প্রস্তাবের ওপর দু'দিনব্যাপী আলোচনার সূত্রপাত হয়েছে। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় প্রস্তাবটি উত্থাপন করেন। এটির সমর্থনে পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম ও সেচমন্ত্রী মানস ভুঁইয়া, দেশের ধর্ম নিরপেক্ষতা, আদর্শ বজায় রাখা নিয়ে প্রশ্ন তোলেন। তাঁদের অভিযোগ, বহু জায়গায় ধর্মীয় স্থানে সংখ্যালঘুদের অধিকার খর্ব করা হচ্ছে। 'রাইট টু রিলিজিয়ন' দেশের মানুষের একটি মৌলিক অধিকার বলে মন্তব্য করে তাঁরা বলেন, দেশ পরিচালনার ক্ষেত্রে সংবিধান একটি গুরুত্বপূর্ণ দলিল। এর আগে অর্থমন্ত্রী চন্দ্ৰিমা ভট্টাচার্য, সংবিধানে উল্লিখিত মানুষের অধিকার ও কর্তব্য অঙ্গঙ্গীভাবে জড়িত বলে উল্লেখ করেন। এর আগে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বলেন, ধর্মীয় সহনশীলতা ও যুক্তরাষ্ট্রীয় কাঠামো যেকোনো অযাচিত বিষয়কে দূরে রাখতে পারে।

অন্যদিকে, বিজেপি, 'সংবিধান দিবসের প্রস্তাবের বিরোধিতা করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, এই প্রস্তাবে অনেক আপত্তিকর বিষয় রয়েছে। রাজনৈতিক লিফলেটে পরিণত হওয়ায় এই প্রস্তাব কখনোই গ্রহণযোগ্য নয়।

তৃণমূল কংগ্রেসের অপূর্ব সরকার, বিজেপির বিষ্ণুপ্রসাদ শর্মা, ISF-এর নওশাদ সিদ্দিকী প্রমুখ আলোচনায় অংশ নেন। আগামীকালও এর ওপর আলোচনা চলবে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সংবিধান দিবস উপলক্ষ্যে বলেন, বৈচিত্রের মধ্যে ঐক্যই দেশের মূল নীতি। একসঙ্গে ঐক্যবদ্ধ এবং ধর্মনিরপেক্ষ থাকার মাধ্যমে সংবিধানকে যথাযথ মর্যাদা দেওয়া সম্ভব।

রাজ্যের বিভিন্ন জেলাতে আজকের দিনটি নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে পালন করা হচ্ছে। 'সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশনে'র কলকাতা আঞ্চলিক দপ্তরের পক্ষ থেকেও দিনটি যথাযথ মর্যাদার সঙ্গে পালন করা হয়।

হুগলীর উত্তরপাড়ার রাজা পিয়ারিমোহন কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগিতায় সেখানে আলোচনা চক্র, কুইজ ইত্যাদি আয়োজন করা হয়।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন ‘সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশনে’র নির্দেশক পার্থ ঘোষ, কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক সোমনাথ জানা এবং রবীন্দ্রভারতী বিশ্ব বিদ্যালয়ের অ্যাসোসিয়েট প্রফেসর ডক্টর সৌরিশ ঝা। সব বক্তাই ভারতের গণতান্ত্রিক কাঠামো-এ সংবিধানের গুরুত্ব নিয়ে আলোচনা করেন। CBC-র সহকারি অধিকর্তা সুমিতা চক্রবর্তী সকলকে ধন্যবাদ জানান।

দেশের সংবিধানকে মর্যাদা দিয়ে আজ ছাত্র ছাত্রীদের নিয়ে সংবিধান দিবস উদযাপন করল মুর্শিদাবাদের সামশেরগঞ্জের বি জে হাই স্কুল। শিক্ষক পড়ুয়া একত্রে শপথবাক্য পাঠ ছাড়াও ছাত্র ছাত্রীদের মধ্যে সংবিধান সচেতনতা গড়ে তুলতে যায়োজন করা হয় আলোচনা সভা। সংবিধানের মৌলিক অধিকারগুলি ছাড়াও নতুন চালু হওয়া ভারতীয় ন্যায় সংহিতা সম্পর্কেও এদিন পড়ুয়াদের সচেতন করেন শিক্ষকেরা।

কংগ্রেসের উদ্যোগে পশ্চিম বর্ধমানের আসানসোলে পালিত হল সংবিধান দিবস। এই উপলক্ষ্যে আসানসোলে গান্ধী মূর্তির পাদদেশে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সূচনা করেন, কংগ্রেসের পশ্চিম বর্ধমান জেলা সভাপতি দেবেশ চক্রবর্তী। তাঁর অভিযোগ, সংবিধানের স্তম্ভগুলি বিকৃত করার চেষ্টা হচ্ছে।

সংবিধান দিবস উপলক্ষ্যে শুনবেন বিশেষ আলোচনা “সংবিধান দিবস ও তার তাৎপর্য”।

আলোচনায় অংশ নিয়েছেন পশ্চিমবঙ্গের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্কের অধ্যাপক কাকলী সেনগুপ্ত। সঞ্চালনায় কল্যাণ লাহা।

আকাশবাণী সংবাদ কলকাতা প্রযোজিত এই আলোচনা শুনবেন আজ রাত ৯ টায় গীতাঞ্জলি, ১০৭ এফ এম প্রচার তরঙ্গ ও ডি টি এইচ বাংলা পরিষেবায়।

পশ্চিমবঙ্গের একটি সহ চার রাজ্যের ছ'টি রাজ্যসভার আসনের জন্য উপনির্বাচনের দিনক্ষণ ঘোষণা করেছে নির্বাচন কমিশন। এরাজ্য ছাড়াও এর মধ্যে রয়েছে অন্ধ্রপ্রদেশের- তিন এবং ওড়িশা এবং হরিয়ানা থেকে একটি করে আসন।

আগামী তেসরা ডিসেম্বর এ'জন্য বিজ্ঞপ্তি জারী হবে। ঐ মাসের ১০ তারিখ পর্যন্ত মনোনয়ন জমা দেওয়া যাবে।

ভোটগ্রহণ বিশেষ ডিসেম্বর। সকাল ৯টা থেকে বিকেল ৪টে পর্যন্ত চলবে ভোটদানের প্রক্রিয়া। ঐ দিনই বিকেল পাঁচটা থেকে শুরু হবে ভোট গণনা।

উল্লেখ্য, R G Kar কাভের আবহে রাজ্যসভার সাংসদ পদ থেকে ইস্তফা দিয়েছিলেন জহর সরকার। তাঁর পদত্যাগের পর সংসদের উচ্চকক্ষে তৃণমূল কংগ্রেসের সদস্য সংখ্যা কমে দাঁড়ায়- ১২।

রাজ্যের প্রতিটি বাড়িতে আগামী বছরের এপ্রিলের মধ্যে পানীয় জল পৌঁছে দেওয়ার কাজ শেষ করার ওপর জোর দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের কাজের অগ্রগতি নিয়ে আজ নবান্নে জেলাশাসক ও দপ্তরের আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হন তিনি। উপস্থিত ছিলেন মুখ্য সচিবও।

দপ্তরের কাজ নিয়ে অসন্তোষ প্রকাশ করে মুখ্যমন্ত্রী, মাটি পরীক্ষা না করে জলের পাইপ বসানো, প্রভাবশালীদের দৌরাত্ম, পাইপ চুরি, সাধারণ মানুষের কাজে বাধা সহ একাধিক বিষয়ের উল্লেখ করেন। জল সরবরাহের জন্য তথ্য যাচাই এবং যেসব বাড়িতে জলের লাইন বসানোর কাজ শেষ হয়েছে সেখানে জল সরবরাহ শুরু হয়েছে কিনা তাও নিশ্চিত করার কথা বলেন তিনি।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ দুপুরে উত্তর ২৪ পরগনার নৈহাটিতে বড়মার মন্দিরে পূজো দেন।

রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার, ব্যারাকপুরের সাংসদ পার্থ ভৌমিক, নৈহাটি বিধানসভা উপনির্বাচনে তৃণমূল কংগ্রেসের সদ্য জয়ী সনৎ দে সহ অন্যান্যরা সেখানে উপস্থিত ছিলেন। পুজোর পর মুখ্যমন্ত্রী বলেন, নৈহাটি ফেরিঘাটটি বড়মার নামে করা ছাড়াও, ঘাটের উন্নয়ন রাজ্যসভার সাংসদ তহবিল থেকে ১০ লক্ষ টাকা দেওয়া হবে। মন্দির এলাকায় একটি পুলিশ ফাঁড়ি থাকবে। বসানো হবে হাই মাস্ট আলো। অন্যদিকে, রোগীদের চিকিৎসার সুবিধার্থে ব্যারাকপুরের সাংসদ পার্থ ভৌমিকের সাংসদ তহবিলের থেকে ৪ কোটি টাকা দিয়ে ভাটপাড়া ও নৈহাটি স্টেট জেনারেল হাসপাতালে বহির্বিভাগ চালু করা হবে বলেও মুখ্যমন্ত্রী জানান।

বিজেপি, বাংলাদেশে গ্রেপ্তার হওয়া ইসকনের সন্ন্যাসী চিন্ময় কৃষ্ণ দাসকে অবিলম্বে মুক্তির জন্য সে দেশের সরকারের কাছে আবেদন জানিয়েছে। পাশাপাশি সেখানে হিন্দুদের সুরক্ষা সুনিশ্চিত করতেও বলা হয়েছে। বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এক বিবৃতিতে এই আবেদন জানিয়ে বলেন, বিগত কয়েক মাস ধরে বাংলাদেশে হিন্দুদের ওপর লাগাতার আক্রমণ চলছে। সেখানকার সরকার সংখ্যালঘুদের সুরক্ষা দিতে ও হিংসা বন্ধ করতে ব্যর্থ হয়েছে বলেও তাঁর অভিযোগ। ইসকনের সন্ন্যাসীকে মিথ্যা মামলায় গ্রেপ্তার করা হয়েছে বলেও সুকান্তবাবুর দাবী।

এদিকে, এই ঘটনার প্রতিবাদে এবং সন্ন্যাসীকে অবিলম্বে মুক্তির দাবিতে বিজেপি পরিষদীয় দল আজ বিধানসভার বাইরে বিক্ষোভ দেখায়। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন, বাংলাদেশে সংখ্যালঘু হিন্দুদের অস্তিত্ব মুছে ফেলার চেষ্টা চলছে।

(বাইট- শুভেন্দু)

৫৫ তম জাতীয় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের আজ সপ্তম দিন। আগামীকাল মাস্টার ক্লাসে আলোচনা হবে শতবর্ষে পরিচালক তপন সিংহ। আলোচনায় অংশ নিতে বাংলা থেকে আলোচনায় অংশ নিচ্ছেন অভিনেতা অর্জুন চক্রবর্তী, সাংবাদিক সমালোচক

রত্নতমা সেনগুপ্ত। উৎসব সম্পর্কে শ্রীমতি সেনগুপ্ত আজ আকাশবাণীকে বলেন, এবার তরুণ পরিচালকদের অংশগ্রহণকে কর্তৃপক্ষ বেশি উৎসাহ দেখাচ্ছেন।

পরিচালক শেখর দাস এবারের উৎসবে “প্রথম নির্মিত” ছবিগুলির বিচারকদের মধ্যে ছিলেন অন্যতম। তিনি বলেন এবারের উৎসব অন্য বারের তুলনায় আকারে প্রকারে অনেকটাই বড়।

(বাইট- শেখর দাস)

মহামেডান স্পোর্টিং আগামীকাল আইএসএলের ম্যাচে বেঙ্গালুরু এফ সি, র বিরুদ্ধে খেলবে। যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। মহামেডান স্পোর্টিং সাত ম্যাচে পাঁচ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার দ্বাদশ স্থানে রয়েছে। অন্যদিকে দ্বিতীয় স্থানে থাকা বেঙ্গালুরু এফ সি-র আট ম্যাচে পয়েন্ট ১৭।
